দৈনিক জনকণ্ঠ

তারিখ JUN. 24 1999
পৃষ্ঠা ১২ কলাম ৬

202

# সরকারী বেসরকারী শিক্ষকদের আজ স্মারকলিপি পেশ

বেসরকারী শিক্ষকদের ১০০ ভাগ মূল বেতন প্রদান ও সরকারী-বেসরকারী শিক্ষকদের প্রাপ্য পদোন্নতি নিশ্চিতকরণ, ছাত্রছাত্রীদের লাইব্রেরি ল্যাবরেটরি উন্নয়ন, শিক্ষা প্রতিষ্ঠানের ভূমি কর প্রমার্জন এবং পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধকল্পে সারা দেশের থানা পর্যায়ের সরকারী-বেসরকারী স্কুল ও কলেজের শিক্ষকগণ আজ বৃহস্পতিবার বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনর উদ্যোগে থানা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে ১৫ ও ৭ দফা সংবলিত স্মারকলিপি পেশ করবে। একইভাবে ২৮ জুন জেলা প্রশাসকের মাধ্যমে জেলা পর্যায়ের শিক্ষকরা প্রধানমন্ত্রী বরাবর অনুরূপ স্মারকলিপি পেশ করবেন।